**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০৯৪.২৪.৩৯৯ — তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

**বিষয় : মেহেরপুর জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৫৬টি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় মোট ১৪৫.৫০ লক্ষ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৮টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।**

সূত্র : ১. স্মারক : জেপ/মেহের/২০২৫-৭০০; তারিখ : ২২-১২-২০২৫ খ্রি.
২. স্মারক : জেপ/মেহের/২০২৫-৭০১; তারিখ : ২২-১২-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রের পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৫৬টি প্রকল্পের মধ্যে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ১৮৬.০০ লক্ষ (এক কোটি ছিয়াশি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে মোট ১৮টি প্রকল্পের বিষয়ে উক্ত ছকের ০৪নং কলামে চাহিত তথ্য অনুযায়ী পুর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক নং | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য/চাহিত তথ্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ৪ | ২.০০ | ক্লাবের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ নেই। রেজিস্ট্রেশনের স্বপক্ষে প্রমাণক প্রয়োজন; |
| ৩. | ১৯১ | ২.০০ | মালিকানা সংক্রান্ত দালিলিক তথ্যাদি প্রয়োজন; |
| ৪. | ১৯২ | ৩.০০ | জেলা পরিষদের এডিপি অর্থে ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ সমীচীন হবে না। ফলে প্রকল্পটি পরিবর্তনপূর্বক অধিক জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। |
| ৫. | ২০১, ২১৪ | ৬০.০০ | মালিকানা সংক্রান্ত তথ্যাদি এবং কী কী উন্নয়ন করা হবে এ সংক্রান্ত বিবরণসহ প্রাক্কলন প্রয়োজন; |
| ৬. | ২১৫ | ৭.০০ | উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নযোগ্য বিধায় প্রকল্পটি পরিবর্তনপূর্বক বিধিবিধান মোতাবেক নতুন প্রকল্প গ্রহণ করা প্রয়োজন; |
| ৭. | ২২৩ | ১.৫০ | প্রতিষ্ঠানটি এনজিও কি না? মালিকানা সংক্রান্ত তথ্যাদি প্রয়োজন; |
| ৮. | ২৩৪ | ৬.০০ | উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের যৌক্তিকতা জানা প্রয়োজন। এছাড়া এ সংক্রান্ত প্রাক্কলন প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি; |
| ৯. | ২৪৩ | ৩.০০ | হাটের উন্নয়ন সাধারণত হাটের আদায়কৃত ইজারা লব্ধ অর্থে হয়ে থাকে বিধায় প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন; |
| ১০. | ১৯৬, ১৯৯, ২০০, ২০২, ২০৭, ২১৩, ২১৬, ২৩৬, ২৪১ | ১০১.৫০ | উল্লিখিত প্রকল্পসমূহ ৫ লক্ষ টাকার উর্দ্ধের প্রকল্প। কিন্তু প্রস্তাবিত প্রকল্পসমূহের কোন প্রাক্কলন প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি। |
| **মোট=** | **১৮টি প্রকল্প** | **১৮৬.০০ লক্ষ (এক কোটি ছিয়াশি লক্ষ) টাকা।** | |

০২। উল্লিখিত ১৮টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (২৫৬-১৮)=২৩৮টি প্রকল্প (৭৫০.৮০-১৮৬.০০)=৫৬৪.৮০ লক্ষ (পাঁচ কোটি চৌষট্টি লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

০৩। উপর্যুক্ত বিষয় ও ২নং সূত্রের পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরে এডিপি (সাধরণ ও বিশেষ) বরাদ্দের আওতায় মোট ১৪৫.৫০ লক্ষ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬৫টি প্রকল্প নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল/এডিপি ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, মেহেরপুর;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০৯৪.২৪.৩৯৯/১(৬)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব